প্রথম আলো


তারিখ 10 MAY 2018
পৃষ্ঠা ৫ কলাম ১

# স্টেট ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তন

একটি জাতির শিক্ষা নিয়ে হেলাফেলা করা চলে না। সব উন্নয়নের মূলে রয়েছে শিক্ষা। পৃথিবীর যা কিছু শ্রেষ্ঠ; যা কিছু মহান তা শিক্ষাজাত, শিক্ষা থেকেই এই সবকিছু এসেছে। স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (এসইউবি) পঞ্চম সমাবর্তনে গতকাল বুধবার বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ এ কথা বলেন।

সমাবর্তনে স্প্রিং-২০১৬ থেকে ফল-২০১৭ পর্যন্ত সেমিস্টারের মধ্যে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে উত্তীর্ণ ২ হাজার ৪৪৬ জন শিক্ষার্থী অংশ নেন। সমাবর্তনে শিক্ষার্থীদের ডিগ্রি প্রদান করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

সমাবর্তনে শিক্ষামন্ত্রী বলেন, 'বিশ্ববিদ্যালয়কে নতুন জ্ঞান সৃষ্টি করতে হবে। ব্যবসার মনোভাব ত্যাগ করে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে জ্ঞানচর্চা ও সেবার মনোভাব তৈরি করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে দেশের শিক্ষাব্যবস্থায় বড় পরিবর্তন এসেছে। নারী শিক্ষায় আমাদের অর্জন সার্কভুক্ত অন্য দেশগুলোর চেয়ে বেশি।' সমাবর্তনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এসইউবির উপাচার্য অধ্যাপক মো. সাঈদ সালাম এবং বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের সভাপতি এ এম শামীম। সমাবর্তন অনুষ্ঠান সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মির্জা এজাজুর রহমান। বিজ্ঞপ্তি




স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের পঞ্চম সমাবর্তনে বক্তৃতা করছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এ সময় মঞ্চে ছিলেন শিক্ষাবিদ আবদুল্লাহ আবু সায়ীদ, আবদুল মান্নানসহ অতিথিরা। গতকাল রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে। ছবি : ফোকাস বাংলা